

স্মারক: ৩৬.১২.০০০০.০০০.০২৯.৩৮.০০০২.২৫-১৪৬২

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩৩
২২ সেপ্টেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

এসএমই ফাউন্ডেশনের তত্ত্বাবধানে রাজশাহীর কালুহাটিতে পাদুকা শিল্পের উন্নয়নে স্থাপিত “কমন ফ্যাসিলিটি সেন্টার” এর মেশিনারিজ রক্ষণাবেক্ষণ এবং চালানোর জন্য অস্থায়ী চুক্তিভিত্তিতে “সেন্টার ইনচার্জ কাম অপারেটর” এবং “সহকারী অপারেটর” নিয়োগ দেওয়া হবে। এ লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন ও ভাতা
০১.	সেন্টার ইনচার্জ কাম অপারেটর	০১ (এক)	সর্বোচ্চ ৪০ বছর	ন্যূনতম এসএসসি বা সমমান পাশ। পাদুকা শিল্পে ব্যবহৃত সকল ধরনের মেশিন চালানায় কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর অভিজ্ঞতার জন্য বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।	আলোচনা সাপেক্ষে নির্ধারিত হবে। উল্লেখ্য, নিযুক্ত সেন্টার ইনচার্জ কাম অপারেটর এর জন্য “কমন ফ্যাসিলিটি সেন্টার” এ বরাদ্দকৃত কক্ষে আবাসনের সুব্যবস্থা রয়েছে।
০২.	সহকারী অপারেটর	০১ (এক)	সর্বোচ্চ ৪০ বছর	ন্যূনতম এসএসসি বা সমমান পাশ। পাদুকা শিল্পে ব্যবহৃত মেশিন চালানায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। অধিকতর অভিজ্ঞতার জন্য বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।	আলোচনা সাপেক্ষে নির্ধারিত হবে।

কার্যপরিধি:

সেন্টার ইনচার্জ কাম অপারেটর	ক) কমন ফ্যাসিলিটি সেন্টারের ‘সেন্টার ইনচার্জ’ হিসেবে দায়িত্ব পালন।
	খ) কমন ফ্যাসিলিটি সেন্টারের মেশিনসমূহ পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ।
	গ) কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারের ব্যবসা প্রতিষ্ঠানসমূহকে কমন ফ্যাসিলিটি সেন্টার ব্যবহারের উপকারিতা সম্পর্কে অবহিতকরণ এবং ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
	ঘ) কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
	ঙ) নতুন উদ্যোক্তা তৈরির জন্য প্রশিক্ষণ ব্যবস্থাপনা।
	চ) কমন ফ্যাসিলিটি সেন্টারের পরিচালনা সম্পর্কিত সার্বিক আয়-ব্যয়ের হিসাব রাখা।
	ছ) সিএফসি-র সকল উপকরণ ও আর্থিক আয়-ব্যয়ের হিসাব নির্দিষ্ট রেজিস্ট্রারে সংরক্ষণ করা।
	জ) এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা।
	ঝ) স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সাথে যোগাযোগ রক্ষা।
সহকারী অপারেটর	ক) কমন ফ্যাসিলিটি সেন্টারের ‘সেন্টার ইনচার্জ কাম অপারেটর’-কে সার্বিক সহায়তা করা।
	খ) কমন ফ্যাসিলিটি সেন্টারের মেশিনসমূহ চালনা এবং রক্ষণাবেক্ষণে সহায়তা করা।
	গ) কালুহাটি পাদুকা শিল্প উদ্যোক্তাদের সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে প্রশিক্ষণ প্রদানে সহায়তা করা।
	ঙ) নতুন উদ্যোক্তা তৈরির জন্য প্রশিক্ষণ ব্যবস্থাপনায় সহায়তা করা।
	চ) কমন ফ্যাসিলিটি সেন্টারের পরিষ্কার-পরিচ্ছন্নতার দায়িত্ব পালন করা।

৪২

মেশিনের তালিকাঃ

বিবরণ
কাটিং অপারেশন
ফোর-কলাম বিম কাটিং প্রেস মেশিন (ক্ষমতা: ৩০ টন, কাজের ক্ষেত্র: ১২৫০ x ৫৩০ মিমি)
টার্নিং আর্মসহ হাইড্রোলিক সুইং আর্ম কাটিং মেশিন (কাজের ক্ষেত্র: ৯০০ x ৪৩০ মিমি, আর্ম: ৩৭০ মিমি, ক্ষমতা: ২০ টন, ২৫ মিমি কাটিং বোর্ডসহ)
লেদার স্ট্র্যাপ কাটিং মেশিন (হেডসহ সম্পূর্ণ সেট, এনার্জি সেভিং মোটর: ৭৫০ ওয়াট, টেবিল ও স্ট্যান্ডসহ)
ফ্যাব্রিকেশন ও ফিটিং অপারেশন
স্কাইভিং মেশিন (হেডসহ সম্পূর্ণ সেট, এনার্জি সেভিং মোটর: ৫৫০ ওয়াট, টেবিল ও স্ট্যান্ডসহ)
স্ট্যাম্পিং ও নান্দারিং মেশিন (স্ট্যান্ড ও টেবিলসহ সম্পূর্ণ সেট)
হাইড্রোলিক এমবোসিং মেশিন (সম্পূর্ণ সেটসহ)
ক্রোজিং অপারেশন
হেভি ডিউটি জিগজ্যাগ সেলাই মেশিন (অটোমেটিক লুরিকেশনসহ, সম্পূর্ণ সেটঃ হেড, এনার্জি সেভিং মোটর, টেবিল ও স্ট্যান্ডসহ)
হেভি ডিউটি সিলিভার বেড (বীশ) সেলাই মেশিন (হেড, ক্লাচ মোটর, টেবিল ও স্ট্যান্ডার্ড আনুষঙ্গিকসহ সম্পূর্ণ সেট)
লান্টিং ও ফিনিশিং অপারেশন
ইউনিভারসাল সোল বন্ডিং / সোল প্রেসিং মেশিন (ক্ষমতা: ৮০০-১০০০ জোড়া / ৮ ঘণ্টা)
ব্রাশিং / প্যাডিং মেশিন
হিট সেটিং / হিট অ্যাক্টিভেশন মেশিন (ক্ষমতা: ১০০০ জোড়া / ৮ ঘণ্টা, শক্তি: ৬-৮ কিলোওয়াট, ভোল্টেজ: ৩৮০ ভোল্ট)


আবেদনের শর্তাবলীঃ

(১) প্রার্থীর নাম (এনআইডি/জন্ম সনদ অনুসারে), (২) পিতার নাম, (৩) মাতার নাম, (৪) জন্ম তারিখ (এনআইডি/জন্ম সনদ অনুসারে), (৫) জাতীয় পরিচয়পত্র নং, (৬) বর্তমান ঠিকানা (মোবাইল নম্বরসহ), (৭) স্থায়ী ঠিকানা, (৮) শিক্ষাগত যোগ্যতা, (৯) উপর্যুক্ত মেশিনসমূহ চালনায় পূর্ব অভিজ্ঞতা, (১০) জাতীয়তা, (১১) আত্মীয় নন এমন দু'জন বিশিষ্ট ব্যক্তির নাম ও যোগাযোগের পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল ৬-৭), ই-৫/সি-১), আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ এর বরাবর আগামী ১০ অক্টোবর ২০২৬ তারিখ বিকাল ০৪.০০ টার মধ্যে পৌছাতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

আবেদনপত্রের সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের কপি, (খ) চারিত্রিক সনদপত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত), (গ) জাতীয় পরিচয়পত্রের কপি, (ঘ) প্রার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

অন্যান্য শর্তাবলীঃ

- (১) বাংলাদেশী নাগরিক হতে হবে।
- (২) বয়স ২০-৪০ বছরের মধ্যে হতে হবে।
- (৩) শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এসএসসি বা সমমান পাশ। সংশ্লিষ্ট ক্ষেত্রে সন্তোষজনক পূর্ব-অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের জন্য বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
- (৪) প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেশিন চালনায় দক্ষতা পরীক্ষা করা হবে।
- (৫) ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে বিবেচিত হবে।
- (৬) পদটি সম্পূর্ণ অস্থায়ী চুক্তিভিত্তিক এবং ভবিষ্যতেও কখনো স্থায়ী হবে না।
- (৭) যেকোনো ধরনের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- (৮) সকল ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



ব্যবস্থাপনা পরিচালক (অ. দা.)

এসএমই ফাউন্ডেশন

